# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫২৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪) রুকূ’-সিজদা পরিপূর্ণ না করা, মেরুদন্ড সোজা করে না দাঁড়ানোর ব্যাপারে ভীতি প্রদর্শন ও একাগ্রতার সাথে নামায আদায় করার ব্যাপারে যে নির্দেশ এসেছে তার বর্ণনা

الترهيب من عدم إتمام الركوع والسجود وإقامة الصلب بينهما وما جاء في الخشوع

আরবী

حسن لغيره) و عَنْ عَبْدِ الرَّحْمَن بْنِ شِبْلٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ نَقْرَةِ الْغُرَابِ وَافْتِرَاشِ السَّبْعِ وَأَنْ يُوَطِّنَ الرَّجُلُ الْمَكَانَ فِي الْمَسْجِدِ كَمَا يُوَطِّنُ الْبَعِيرُ .(رواه أحمد وأبو داود والنسائي وابن ماجه وابن خزيمة وابن حبان في صحيحيهما)

বাংলা

৫২৩. (হাসান লিগাইরিহি) আবদুর রহমান বিন শিবিল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নিষেধ করেছেন ”নামাযে কাকের মত ঠোকর দিতে[1], পশুর মত করে বসতে এবং উট যেমন নিজের জায়গা নির্ধারণ করে নেয় তেমন করে কোন মানুষ মসজিদে একটি জায়গা নির্দিষ্ট করে নিতে।”

(আহমাদ ৩/৪২৮, আবু দাউদ ৮৬২, নাসাঈ ২/২১৪ ইবনে মাজাহ ১৪২৯, ইবনে খুযাইমা ১/৩৩১, ইবনে হিব্বান হাদীছটি বর্ণনা করেছেন ২২৭৪)

ফুটনোট

[1] . অর্থাৎ হালকা করে সিজদা করতে নিষেধ করেছেন। কাক যেমন খাদ্য নিতে গিয়ে খুব অল্প সময় নিজের ঠোঁট মাটিতে রাখে এ লোকও তেমন অতি অল্প সময় সিজদায় গিয়ে নিজের মাথা মাটিতে রাখে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু শিবল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88311

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন